

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মার্চ ৭, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
সি.এ-২ শাখা

প্রজাপন

তারিখ, ১২ ফেব্রুয়ারি ২০১৫

নং-বিপম/সি.এ-২/কন-৭/২০০৩-৮৯—বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক
গত ১৪ অক্টোবর ২০০৩ খ্রি: তারিখে প্রকাশিত প্রজাপন (নং-বিপম/সি.এ-২/কন-৭/২০০৩/৯৮৯) এর
মাধ্যমে জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কমিটি গঠন করা হয়। গত ২৭ ফেব্রুয়ারি ২০১৩
খ্রি: তারিখে বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কমিটি'র প্রথম সভার সুপারিশের আলোকে উক্ত
কমিটি composition, terms of references and frequency of meeting নিম্নরূপ সংশোধন
করা হলো :

**NATIONAL CIVIL AVIATION SECURITY COMMITTEE OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH**

(ক) বিমান চলাচল নিরাপত্তা বিষয়ে পরামর্শ প্রদান, নিরাপত্তা ব্যবস্থা পর্যালোচনা ও সমন্বয়ের জন্য
বাংলাদেশ জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকল
মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা ও বিমানসংস্থাসহ অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার সমন্বয়ে নিম্নরূপ জাতীয়
বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কমিটি গঠন করা হলো :

(১৪২৫)
মূল্য : টাকা ৮.০০

(খ) কমিটি গঠন :

- | | | |
|------|--|----------------|
| (১) | মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | যুগ্ম সচিব বা তদূর্ধ পদমর্যাদার প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), বাংলাদেশ পুলিশ | সদস্য |
| (৫) | পরিচালক (পরিচালন ও পরিকল্পনা), সশস্ত্র বাহিনী বিভাগ | সদস্য |
| (৬) | সদস্য বা তদূর্ধ পদমর্যাদার প্রতিনিধি, জাতীয় রাজস্ব বোর্ড | সদস্য |
| (৭) | যুগ্ম সচিব বা তদূর্ধ পদমর্যাদার প্রতিনিধি, ঢাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | সদস্য |
| (৮) | রাষ্ট্রাচার প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| (৯) | সংশ্লিষ্ট মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| (১০) | ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি: | সদস্য |
| (১১) | সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ | সদস্য |
| (১২) | পরিচালক (বহি:স্থ), জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা | সদস্য |
| (১৩) | পরিচালক (কাউন্টার ইন্টেলিজেন্স ব্যুরো), প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদণ্ডন | সদস্য |
| (১৪) | চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ। | সদস্য-
সচিব |

(গ) কমিটির কার্যপরিধি :

- (১) বেসামরিক বিমান চলাচল এর ক্ষেত্রে হুমকি মোকাবেলায় বিমান চলাচল নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কিত প্রয়োজনীয় পরামর্শ প্রদান এবং বিমান চলাচল নিরাপত্তায় সঙ্গাব্য নতুন হুমকির প্রাণ্ত তথ্য, কৌশলগত ও প্রযুক্তিগত উন্নয়ন ও অন্যান্য বিষয়ের ভিত্তিতে নিরাপত্তা ব্যবস্থার উন্নয়নে প্রয়োজনীয় সুপারিশ প্রদান।
- (২) জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কার্যক্রম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকল বিভাগ, দণ্ডন ও প্রতিষ্ঠানের মধ্যে বিমান চলাচল নিরাপত্তা বিষয়ে সমন্বয় নিশ্চিতকরণ।
- (৩) জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা নীতির প্রস্তাব প্রণয়ন ও বিদ্যমান নীতির সংশোধন সম্পর্কিত সুপারিশ প্রধান।
- (৪) বিমানবন্দরের বিদ্যমান সুযোগ-সুবিধা সম্বলিত উপকরণাদির সম্প্রসারণ এবং নতুন বিমানবন্দর এর নির্মাণকালে নিরাপত্তা ব্যবস্থা সংক্রান্ত বিষয়াদি নিশ্চিতকরণ।
- (৫) বিমানবন্দর নিরাপত্তা কমিটিসহ অন্যান্য সংশ্লিষ্ট কমিটির সুপারিশ পর্যালোচনাকরণ।

- (৬) সামগ্রিক বিমান চলাচল নিরাপত্তার মান বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও অন্যান্য রাষ্ট্রের সাথে সহযোগিতামূলক সম্পর্ক স্থাপনের প্রক্রিয়া বিবেচনা করা।
- (৭) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কে পি আই সম্পর্কিত নির্দেশনা বিবেচনা সাপেক্ষে জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কার্যক্রমের সমন্বয় করা এবং সেই মোতাবেক পরামর্শ প্রদান করা।
- (৮) এড-হক সদস্য: কমিটির স্থায়ী সদস্য ব্যতীত সভাকে প্রায়োগিক কৌশল সংক্রান্ত বিশেষজ্ঞ ও অভিজ্ঞ মতামত প্রাপ্তির নিমিত্ত সংশ্লিষ্ট অনুমোদিত ব্যক্তি এড-হক সদস্য হিসেবে সভায় অংশগ্রহণ করতে পারবেন।
- (৯) প্রায়োগিক কৌশল সংক্রান্ত উপ-কমিটি : কোন নতুন কার্যক্রম, ব্যবস্থা ও বিধানসমূহের পরিচালনের যথার্থতা যাচাই করার জন্য প্রায়োগিক কৌশল সংক্রান্ত উপ-কমিটি গঠন করা যাবে।
- (চ) সভা আহ্বান : সভাপতির সাথে আলোচনা করে সদস্য-সচিব বছরে কমপক্ষে ২ (দুই) বার সভা আহ্বান করবেন। এছাড়াও প্রয়োজন মোতাবেক যে কোন সময় সভা আহ্বান করতে পারবেন।
- (ছ) উক্ত কমিটির সদস্য ব্যতীত তার প্রতিনিধি হিসেবে অন্য কেউ কমিটির সভায় অংশগ্রহণ করতে পারবেন না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জাফর উল্লাহ
উপ-সচিব (সিএ)।

মোঃ নজরুল ইসলাম(উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd